দৈনিক ইনকিলাব

তারিখ ... DEC. 1 2 1999

পৃষ্ঠা কলাম

২১ ডিসেম্বর সমিতির নির্বাচন

# ঢাকা বিশ্ববিদ্যালয়ে আবার শিক্ষক রাজনীতি জমে উঠেছে

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** আগামী ২১ ডিসেম্বর অনুষ্ঠিত হতে যাচ্ছে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির নির্বাচন। শিক্ষক সমিতির ১৫ সদস্যবিশিষ্ট কার্যনির্বাহী কমিটির এই নির্বাচনকে কেন্দ্র করে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক রাজনীতি আবার জমে উঠেছে। নির্বাচনে বিএনপি ও জামায়াত সমর্থিত সাদা দল এবং আওয়ামী লীগ সমর্থিত নীল দল প্রতিদ্বন্দ্বিতা করছে। ঢাকা বিশ্ববিদ্যালয় ও দেশের সামগ্রিক প্রেক্ষাপটে এই নির্বাচন অত্যন্ত গুরুত্বপূর্ণ বলে বিবেচিত হচ্ছে। ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি বিশ্ববিদ্যালয়ের শিক্ষাগত ও পেশাগত বিভিন্ন সমস্যা সমাধানের ক্ষেত্রে এবং জাতীয় জীবনের অনেক গুরুত্বপূর্ণ ক্ষেত্রে সুদূরপ্রসারী ভূমিকা পালন করে। তাই এবারের নির্বাচনে শিক্ষকরা বিশ্ববিদ্যালয় ও জাতীয় জীবনে বিরাজমান শ্বাসরুদ্ধকর পরিস্থিতি বিবেচনা করে তাদের সুচিন্তিত রায় দিবেন বলে ধারণা করা হচ্ছে। ইতিমধ্যে সাদা দল ও নীল দল তাদের মনোনীত প্রার্থীর নাম ঘোষণা করেছে।

নির্বাচনের বিভিন্ন পদে বিএনপি ও জামায়াত সমর্থিত সাদা দলের মনোনীত প্রার্থীরা হচ্ছেন ঃ সভাপতি প্রফেসর এসএমএ ফায়েজ, সাধারণ সম্পাদক বর্তমান শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক মোঃ ফেরদৌস হোসেন, সহ-সভাপতি প্রফেসর আনোয়ার হোসেন, কোষাধ্যক্ষ প্রফেসর আবু আহমেদ, যুগ্ম সম্পাদক সহযোগী প্রফেসর মাহমুদ ওসমান ইমাম। সরকার সমর্থিত নীল দলের প্রার্থীরা হচ্ছেন ঃ সভাপতি প্রফেসর আরআইএম আমিনুর রশীদ, সাধারণ সম্পাদক প্রফেসর আনোয়ার হোসেন, সহ-সভাপতি প্রফেসর আব্দুল মান্নান চৌধুরী, কোষাধ্যক্ষ প্রফেসর আশরাফ উদ্দিন চৌধুরী, যুগ্ম-সম্পাদক সহযোগী প্রফেসর হাসিবুর রশীদ।

এছাড়া সাদা দলের সদস্য প্রার্থীরা হচ্ছেন ঃ প্রফেসর আনোয়ার উল্লাহ্ চৌধুরী, প্রফেসর আফম ইউসুফ হায়দার, প্রফেসর আব্দুল মমিন চৌধুরী, প্রফেসর আবুল কালাম মনজুর মোরশেদ, প্রফেসর জিন্নাতুন নেসা তাহমিদা বেগম, সহযোগী প্রফেসর মাসুদা এম রশীদ চৌধুরী, প্রফেসর আবুল বাশার, প্রফেসর আমজাদ হোসেন, প্রফেসর খলিলুর রহমান ও প্রফেসর রহিম বি. তালুকদার।

নীল দলের সদস্য প্রার্থীরা হচ্ছে ঃ প্রফেসর এ জেড এম নওশের আলী খান, প্রফেসর এটিএম নূরুর রহমান খান, প্রফেসর কাজী শহীদুল্লাহ, প্রফেসর সৈয়দ গিয়াসউদ্দিন আহমেদ, প্রফেসর জালাল উদ্দিন, সহযোগী প্রফেসর নাসরিন আহমাদ, প্রফেসর মোহাম্মদ মনিরুজ্জামান, প্রফেসর মুহিবুর রহমান, প্রফেসর মেসবাহ উদ্দিন আহমেদ ও সহযোগী প্রফেসর শরিফ উল্লাহ ভুঁইয়া।